

ছালাতুর রাসূল (ছাঃ)

বিভাগ/অধ্যায়ঃ ত্বাহারৎ বা পবিত্রতা (الطهارة) রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

ওযু ভঙ্গের কারণ সমূহ (نواقض الوضوء)

১. পেশাব পায়খানার রাস্তা দিয়ে দেহ থেকে কোন কিছু নির্গত হ'লে ওয়ূ ভঙ্গ হয়। বিভিন্ন ছহীহ হাদীছের আলোকে প্রমাণিত হয় যে, এটিই হ'ল ওয়ূ ভঙ্গের প্রধান কারণ। পেটের গন্ডগোল, ঘুম, যৌন উত্তেজনা ইত্যাদি কারণে যদি কেউ সন্দেহে পতিত হয় যে, ওয়ূ টুটে গেছে, তাহ'লে পুনরায় ওয়ূ করবে। আর যদি কোন শব্দ, গন্ধ বা চিহ্ন না পান এবং নিজের ওয়ূর ব্যাপারে নিশ্চিত থাকেন, তাহ'লে পুনরায় ওয়ূর প্রয়োজন নেই। 'ইস্তেহাযা' ব্যতীত কম হৌক বা বেশী হৌক অন্য কোন রক্ত প্রবাহের কারণে ওয়ূ ভঙ্গ হওয়ার কোন ছহীহ দলীল নেই।[61]

ফুটনোট

[61] . আলবানী, মিশকাত হা/৩৩৩ -এর টীকা দ্র:; দারাকুৎনী বর্ণিত 'প্রত্যেক প্রবাহিত রক্তের জন্য ওযূ' (الوضوء من كل دم سائل) —এর ব্যাখ্যায়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9183

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন